যুগান্তর

তারিখ: 27 APR 2017
পৃষ্ঠা: ৩ কলাম: ৪

স্থায়ী ক্যাম্পাস বিষয়ে প্রাথমিক প্রতিবেদন

# প্রেসিডেন্সি ইউনিভার্সিটিকে জুন পর্যন্ত আলটিমেটাম

যুগান্তর রিপোর্ট

স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি কিনতে বেসরকারি প্রেসিডেন্সি ইউনিভার্সিটিকে দুই মাসের আলটিমেটাম দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এছাড়া চট্টগ্রামের ইউনিভার্সিটি অব ইনফরমেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি (ইউএসটিসি) এবং ঢাকার সিটি ইউনিভার্সিটির আউটার ক্যাম্পাস বন্ধের নির্দেশ দেয়া হয়েছে। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে তিন বিশ্ববিদ্যালয়কে আলাদা চিঠি পাঠানো

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

## প্রেসিডেন্সি ইউনিভার্সিটিকে

(৩য় পৃষ্ঠার পর)

হয়। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তর বিষয়ে করণীয় নির্ধারণ সংক্রান্ত যৌথ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে এ আলটিমেটাম ও নির্দেশনা পাঠানো হয় বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) আবদুল্লাহ আল হাসান চৌধুরী। তিনি আরও বলেন, যেসব বিশ্ববিদ্যালয় ১২ বছর পূর্ণ করেছে আমরা এখন কেবল সেগুলোর ওপর পর্যালোচনা ও পরিদর্শন শেষে এ প্রাথমিক প্রতিবেদন পাঠিয়েছি। কমিটি ৩০ জুনের মধ্যে কাজ শেষ করবে। ৭ মার্চ এ কমিটি গঠন করা হয়েছিল। মন্ত্রণালয় সূত্র জানায়, প্রেসিডেন্সি ইউনিভার্সিটিকে দেয়া আলটিমেটামপত্রে বলা হয়, ৩০ জুনের মধ্যে আইনে নির্ধারিত পরিমাণ জমি কিনতে না পারলে জুলাই থেকে শিক্ষার্থী ভর্তি স্থগিত রাখা হবে। জমি না কেনা পর্যন্ত স্থগিতাদেশ অব্যাহত থাকবে। প্রতিবেদনেও এ সুপারিশ করা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এম.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর